KDS GROUP

**KDS Garment Division.**

255 nasirabad i/a chittagong 4211 bangladesh
Tel: 880 31 681240-4|682474-8 Fax: 880 31 682836|681398
email garment@kdsgroup.net

# আচরণ বিধি (Code of Conduct)

দেশের প্রচলিত শ্রম আইনসমূহ এবং সন্মানিত ক্রেতাগনের আইনগত নির্দেশনা (ক্রেতাদের আচরন বিধি) এবং আর্ন্তজাতিক শ্রম আইন মেনে চলতে আমরা সব সময় অঙ্গীকারাবদ্ধ এবং এখানে উল্লেখ্য যে আমরা কেডিএস গ্রুপের সকল কারখানায় দেশের প্রচলিত শ্রম আইনসমূহ এবং সন্মানিত ক্রেতাগনের আইনগত নির্দেশনা অথবা আর্ন্তজাতিক শ্রম আইন, সবগুলোর মধ্যে যে আইনটির মান সর্বোচ্চ আমরা সেই আইনটি মেনে চলি । তার আলোকে নিন্মে উল্লেখিত আচরণ বিধি কেডিএস গ্রুপের সকল কারখানায় মেনে চলা বাধ্যতামূলক।

১. নিয়োগনীতি **(Employment Policy)** ঃ কর্মীর ব্যক্তিগত যোগ্যতার উপর ভিত্তি করেই কর্মী সংগ্রহ, বেতন ও অন্যান্য সুবিধাদি নির্ধারণ, পদোন্নতি, অব্যহতি বা অবসর গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হয় ।

২. অ-পক্ষপাতিত্ব **(Discrimination)** ঃ আমরা চাকুরীতে নিয়োগের ব্যাপারে এবং কাজে নিয়োজিত অবস্থায় পারিপার্শ্বিক সূযোগ-সুবিধা, ক্ষতিপূরণ,প্রশিক্ষণের সুযোগ-সুবিধা,চাকুরীতে উন্নতি, শৃঙ্খলা, চাকুরী থেকে বরখাস্ত অথবা অবসর গ্রহনের ব্যাপারে কখনও জাতি, ধর্ম, বর্ণ, বয়স, লিঙ্গ,গর্ভাবস্থা,বৈবাহিক অবস্থা,অক্ষমআ,যৌন স্থিতি,সামাজিক উৎস ,রাজনৈতিক বিশ্বাস বা এলাকা ভেদে পক্ষপাত মূলক আচরণ করি না।

৩. অনিচ্ছুক শ্রমিক/বলপ্রয়োগ শ্রম /জোরপুর্বক শ্রম এবং মানব পাচার **(Force Labour / Human Trafficking )** ঃ অনিচ্ছুক শ্রমিক/বলপ্রয়োগ শ্রম /জোরপুর্বক শ্রম এবং মানব পাচার এর মত ঘটনার আমরা নিন্দা করি এবং আমরা কোন অবস্থায় শ্রমিককে জোর পূর্বক বা বল প্রয়োগ করে অথবা তাদের ইচ্ছার বাইরে কাজে ব্যবহার করি না । প্রত্যেক শ্রমিক স্বেচ্ছায় কাজ করা ও স্বাধীনভাবে চলাফেরা করার অধিকার রাখে এবং পরিচয় সূচক কাগজ আটক,টাকা জামানত বা অন্য কিছু গচ্ছিত রাখতে বাদ্য করা হয়না অথবা অন্য যে কোনেভাবে কর্মীদের চলাফেরায় স্বাধীনতা ক্ষুন্ন করা হয় না তথা চাকুরী থেকে অব্যাহতি নেয়ার ক্ষেত্রেও বাঁধা প্রদান করা হয় না। জেলের বন্দী অথবা জেলের বাহিরে আছেন কিন্তু আদালতের সাথে চুক্তিবদ্ধ অথবা চুক্তিপত্রে আবদ্ধ বা অন্য কোন প্রকার অনিচ্ছুক শ্রমিক ব্যবহার করি না ।

৪. শিশু শ্রম **(Child Labour)** ঃ শিমু শ্রমিককে আমরা আমাদের প্রতিষ্ঠানে নিয়োগে নিরুৎসাহিত করি

৫. দমননীতি ও হয়রানি **(Harassment / Abusement)** ঃ আমরা সকল কর্মীদের অধিকারের প্রতি যথাযথ সম্মান ও উপযুক্ত মর্যাদা দিয়ে থাকি । কোন প্রকার মৌখিক অথবা শারিরীক /যৌন অত্যাচার, ভয়ভীতি প্রর্দশন, উগ্রতা, মানসিক অথবা মৌখিক হয়রানি থেকে বিরত থাকি ।

৬. মজুরী ও বেতন **(Wages & Salary)** ঃ গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও জনশক্তি মন্ত্রালয়ের ২০ অগ্রহায়ন ১৪২০ বঙ্গাব্দ / ৪ ডিসেম্বর ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখে প্রকাশিত এস. আর. ও নং ৩৬৯-আইন/২০১৩। - বাংলাদেশ শ্রম আইন , ২০০৬(২০০৬ সনের ৪২ নং আইন )এর ধারা ১৪০ এর উপ- ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার , উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন, "গার্মেন্টস"শিল্প সেক্টরের , অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া/ উল্লেখিত,এর শ্রমিক/কর্মচারীর জন্য "নিম্নতম মজুরী বোর্ড" কর্তৃক সুপারিশকৃত তফসিল অনুযায়ী ঘোষিত বিধান অনুযায়ী তফশীলে বর্নিত "নিম্নতম মজুরী হার" অথবা তদুদ্ধ প্রদান করি এবং গ্রেড অনুযায়ী মজুরীর হার কারখানা নোটিশ বোর্ডে দেওয়া হয়েছে । এখানে আরো উল্লেখ্য যে উক্ত বিধান এর শর্তাবলীতে উল্লেখিত সকল শর্তসমূহ মেনে চলা হয়।

৭. সুবিধাসমূহ **(Benefits)** ঃ আমরা প্রচলিত শ্রম আইন অনুযায়ী সব ধরনের সূযোগ সুবিধা প্রদান করে থাকি ।

ক) নৈমত্তিক ছুটি ঃ ১০ (দশ) দিন (উক্ত ছুটি ভোগ করার পূর্বে কোম্পানী কর্তৃক প্রদত্ত ছুটির দরখাস্ত লিখিতভাবে কর্তৃপক্ষকে জানাতে হবে । যদি কোন কারনে পূবাহ্নে দরখাস্ত করা সম্ভব না হয় তবে ছুটি ভোগের পর কাজে যোগদানের সঙ্গে সঙ্গে ছুটি পাওনা সাপেক্ষে তা লিখিত ভাবে নিয়মিত করণ করতে হবে ।

খ) অসুস্থতা ছুটি ঃ ১৪ (চৌদ্দ) দিন ( ছুটি ভোগের পর রেজিষ্ট্রার্ড ডাক্তার কর্তৃক ছুটির দরখাস্তে প্রত্যয়ন পূর্বক সহসা ছুটি নিয়মিত করণ করতে হবে) ।

গ) উৎসব ছুটি ঃ ১১ (এগার) দিন । ( বিভিন্ন উৎসবের দিনের সাথে সামঞ্জস্য রেখে নির্ধারিত)

ঘ) বাৎসরিক ছুটি ঃ প্রতি ১৮ কর্মদিবসের জন্য ০১ দিন। (কোন শ্রমিক চাহিলে তাহার অব্যয়িত অর্জিত ছুটির বিপরীতে বৎসরান্তে অর্জিত ছুটির অর্ধেক নগদায়ন করিতে পারিবে)।

ঙ) মাতুত্বকালীন ছুটি ঃ ০৮ (আট) + ০৮ (আট) = মোট ১৬ (ষোল) সপ্তাহ।

চ) শিশুদের জন্য কক্ষ **(Child Care Room.)** ।

জ) শ্রমিকদের আহারাদির জন্য ক্যান্টিনের ব্যবস্থা এবং পর্যাপ্ত সংখ্যক ফিল্টার করা বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা করা হয়েছে

এছাড়া প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী হাজির বোনাস, ফ্রি চিকিৎসা সেবা, গ্রুপ ইন্সুরেন্স (দূর্ঘটনায় পঙ্গুত্ব অথবা মৃত্যুবরন করলে বিজিএমইএ এবং সাধারণ বীমা কর্তৃপক্ষের মধ্যে চুক্তির আওতায় সব ধরনের সূযোগ সুবিধা ও ক্ষতিপূরণ পাবে), এবং দূরে বসবাসকারী শ্রমিকদের জন্য কেডিএস গ্রুপ অব কোম্পানীজ এর সকল কারখানাতে কর্মরত সকল শ্রমিক - কর্মচারীদেরকে (subsidy ) ট্রান্সপোর্ট সুবিধা প্রদান করে থাকে।

৮. শ্রম ঘন্টা / অতিরিক্ত কাজ **(Hours of Work / Over Time)** ঃ প্রচলিত শ্রম আইন অনুযায়ী দৈনিক আট ঘন্টা কাজ করানো হয় । প্রয়োজন সাপেক্ষে দৈনিক দুই ঘন্টার বেশী অতিরিক্ত কাজ করানো হয় না । উল্লেখ্য অতিরিক্ত শ্রম ঘন্টার কাজ সম্পূর্ন ঐচ্ছিক ।
নিম্নবর্তিত ছক অনুযায়ী অতিরিক্ত কাজের (ওভার টাইম) মজুরী প্রদান করা হয় ঃ-

মূল বেতন × ২ × অতিরিক্ত কর্মঘন্টা = অতিরিক্ত কাজের মজুরী

255 nasirabad i/a chittagong 4211 bangladesh
Tel: 880 31 681240-4|682474-8 Fax: 880 31 682836|681398
email garment@kdsgroup.net

৯. স্বাস্থ্য, নিরাপত্তা এবং পারিপার্শ্বিকতা **(Management of Environment, Safety & Health)** ঃ আমাদের পারিপার্শ্বিকতার প্রতি সম্মান প্রর্দশন করি । স্বাস্থ্য সম্মত শৌচাগার ও পর্যাপ্ত বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা করা হয়েছে । অগ্নি নির্বাপনের জন্য প্রয়োজনীয় অগ্নি নির্বাপনী যন্ত্র এবং পর্যাপ্ত প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহন করা হয় । কোম্পানীর খরচে মেশিনের নিরাপত্তা ( নিডেল গার্ড, আই গার্ড, লোয়ার ও আপার পুলি কভার, বেল্ট গার্ড ইত্যাদি) এবং ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জামদি ( হাত মোজা, মুখোশ, স্কার্ফ, চশমা, গামবুট, হেলমেট ইত্যাদি) প্রদানের ব্যবস্থা করা হয়েছে ।

১০. সংঘ করার অধিকার **(Freedom of Association)** ঃ আমাদের প্রতিষ্ঠানে সকল কর্মীদের আইনগতভাবে ও শান্তিপূর্নভাবে তাদের পছন্দমত শ্রমিক প্রতিনিধি মনোয়নয়নের মাধ্যমে অংশগ্রহনকারী কমিটি (সংঘ) গঠন করতে সর্বতোভাবে সহায়তা প্রদান ।

১১. ঘুষ আদান-প্রদান এবং দূর্নীতি বিরোধী : ( **Anti Bribery /Anti Corruption** ) ঘুষ, বখশিস বা অন্য কোন সুযোগ-সুবিধার জন্য প্রস্তাব দেওয়া, অনুরোধ করা সম্পূর্নরুপে বা কঠোরভাবে নিষিদ্ধ।

১২. পরিবেশ **(Environment)** ঃ বায়ু নির্গমন, দূষিত পানি নিঃসরণ, বিষাক্ত ও ক্ষতিকারক বর্জ্য ফেলা সংক্রান্ত আইনসহ সকল স্থানীয় ও জাতীয় পরিবেশ আইন প্রতিটি উৎপাদন কেন্দ্রে যাতে মেনে চলা হয় আমরা অবশ্যই তা নিশ্চিত করি । আমরা সর্বদা লক্ষ্য রাখি যে সমস্ত কাঁচামাল ও উৎপাদন যেন স্থানীয় আইন ও প্রবিধানসহ আর্ন্তজাতিক চুক্তি ও প্রটৌকল মেনে উৎপাদনকারীর নিকট হতে সংগ্রহ করা হয় ।

KDS Garment Ind. Ltd. Bangladesh 255 Nasirabad I/A, Chittagong

নিতিন অরোরা
পরিচালক
কেডিএস গার্মেন্টস ডিভিশন